



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ০৯/২০২৫

তারিখঃ ০৯/০১/২০২৫ খ্রি.

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

“বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড” কর্তৃক সিএন্ডএফ এজেন্ট নিয়োগের জন্য আহ্বানকৃত দরপত্রে অংশগ্রহণ প্রসঙ্গে

এসোসিয়েশনের নির্দেশনার প্রেক্ষিতে বাংলাদেশ ক্যাবল শিল্প লি: এর আহ্বানকৃত টেন্ডার নং- ১৪.৩৭.০০০০.৭০২.০৭.৭৬০.২৪.৩৩৯২, তারিখ: ২৯/০৮/২০২৪ খ্রি. এ দাখিলকৃত দরপত্রের বিপরীতে কার্যাদেশ পাওয়ার পরও চুক্তি সম্পাদন না করায় যে সকল সিএন্ডএফ এজেন্টের আর্নেস্ট মানি বাতিল করা হয়েছিল তাঁদের আর্নেস্ট মানি ফেরত প্রদান না করা পর্যন্ত উক্ত সংস্থার আহ্বানকৃত পুন:টেন্ডার নং- ১৪.৩৭.০০০০.৭০২.০৭.৭৬০.২৪.৪২৫৯, তারিখ: ২৮/১১/২০২৪ইং এ অংশগ্রহণ হতে বিরত থাকার জন্যে এসোসিয়েশনের প্রচার পত্র নং- ৬৬/২০২৪ খ্রি. তারিখ: ১০/১২/২০২৪ খ্রি. এর মাধ্যমে অনুরোধ জানানো হয়। এসোসিয়েশনের অনুরোধের প্রেক্ষিতে কোন সদস্য/সদস্যা সিএন্ডএফ এজেন্ট উক্ত পুন: টেন্ডারে অংশগ্রহণ না করায় বাংলাদেশ ক্যাবল শিল্প লি: কর্তৃক যে সকল সিএন্ডএফ এজেন্টের আর্নেস্ট মানি বাজেয়াপ্ত করা হয়েছিল তাঁদের আর্নেস্ট মানি ফেরত প্রদান করবে মর্মে উক্ত সংস্থার পত্র সূত্র নং- ১৪.৩৭.০০০০.৭০২.০৭.৭৬০.২৪.৪৫৯৩, তারিখ: ২৬/১২/২০২৪ খ্রি. এর মাধ্যমে এসোসিয়েশনকে অবহিত করেছেন। এসোসিয়েশনের অনুরোধের প্রেক্ষিতে উক্ত সংস্থার উল্লেখিত পুন:টেন্ডারে অংশগ্রহণে ইচ্ছুক সিএন্ডএফ এজেন্টগণ টেন্ডারে অংশগ্রহণ না করে সম-ব্যবসায়ির বাজেয়াপ্তকৃত আর্নেস্ট মানি ফেরত পাওয়ার বিষয়ে সহযোগিতা করার জন্য সকল সম্মানিত সদস্য/সদস্যা সিএন্ডএফ এজেন্টগণকে এসোসিয়েশনের পক্ষ হতে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

এমতাবস্থায়, বাংলাদেশ ক্যাবল শিল্প লি: এর বর্তমানে আহ্বানকৃত টেন্ডারে অংশগ্রহণে ইচ্ছুক সকল সিএন্ডএফ এজেন্টকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

কার্জী মাহমুদ ইমাম (বিলু)
সাধারণ সম্পাদক